



TEJGAON COLLEGE, DHAKA

16 Indira Road, Farmgate, Dhaka-1215, Bangladesh

Phone : +88 02-48113628, +8802-48117008

Ref :

তারিখ: ০৫ মার্চ ২০২৬

জরুরি নোটিশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু অসাধু ব্যক্তি কলেজের/ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করে শিক্ষার্থীদের নিকট বিভিন্ন অজুহাতে অর্থ (ফি/চার্জ) দাবি করছে। এমনকি কেউ কেউ অনলাইন পেমেন্ট সম্পন্ন করার পরও পুনরায় টাকা চেয়ে প্রতারণার চেষ্টা করছে।

এমতাবস্থায় সকল শিক্ষার্থীকে নিম্নোক্ত বিষয়ে বিশেষভাবে সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হচ্ছে:

১. কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত অফিসিয়াল পদ্ধতি (ওয়েবসাইট: www.tejgaoncollege.edu.bd) ব্যতীত কোনো মাধ্যমে অর্থ প্রদান করবেন না।

২. অজানা নম্বর, ব্যক্তি বা তৃতীয় পক্ষের মাধ্যমে কোনো টাকা লেনদেন করবেন না।

৩. কলেজের/ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নামে কেউ ব্যক্তিগতভাবে টাকা দাবি করলে তা সম্পূর্ণ প্রতারণা হিসেবে গণ্য হবে।

৪. তেজগাঁও কলেজ অনলাইন ব্যতীত অফলাইনে কোন অর্থ লেনদেন করে না এবং ভর্তি আবেদনের ক্ষেত্রে কলেজে স্বশরীরে কাগজপত্র জমা দেয়ার প্রয়োজন নেই।

৫. প্রয়োজন ব্যতীত নিজের ব্যক্তিগত তথ্য (Application ID, Roll, Transaction ID ইত্যাদি) কারো সাথে শেয়ার করবেন না।

উল্লেখ্য, কলেজ কর্তৃপক্ষ কখনোই ব্যক্তিগত নম্বর থেকে অতিরিক্ত অর্থ দাবি করে না।

সকলকে সচেতন থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

তেজগাঁও কলেজ, ঢাকা।